



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
আইন -১
www.lgd.gov.bd



স্মারক নম্বর: ৪৬.০০.০০০০.০২০.০৪.১৬৪.২৩.১০৮২

তারিখ: ২৮ ভাদ্র ১৪৩০

১২ সেপ্টেম্বর ২০২৩

বিষয়: রিট পিটিশন নং ৯১৫৩/২০২৩-এ প্রদত্ত বুলনিশির জবাব প্রদান এবং মাননীয় আদালত কর্তৃক প্রদত্ত স্থগিতাদেশ Vacate করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ।

সূত্র: হাইকোর্ট বিভাগের রিট পিটিশন নং ৯১৫৩/২০২৩-এর ২৪/০৭/২০২৩ খ্রি. তারিখের বুল।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের বরাতে আদিষ্ট হয়ে জানানো যাচ্ছে যে, সুনামগঞ্জ জেলার তাহিরপুর উপজেলার শ্রীপুর (দক্ষিণ) ইউনিয়ন পরিষদের ০৬নং ওয়ার্ডের সদস্য জনাব এমদাদুল হক, ০৭নং ওয়ার্ডের সদস্য জনাব গোলাম সারোয়ার এবং ০৯ নং ওয়ার্ডের সদস্য জনাব আতাউর রহমান-কে গত ২৮/০৩/২০২৩ খ্রি. তারিখের ৪৬.০০.৯০০০.০১৭.২৭.০০৫.২০.২৫২ সংখ্যক স্মারকে জারিকৃত প্রজ্ঞাপনের মাধ্যমে স্থানীয় সরকার বিভাগের ইউপি-১ শাখা হতে সাময়িক বরখাস্ত করা হয়। ফলে পিটিশনারগণ সংক্ষুব্ধ হয়ে মাননীয় হাইকোর্ট বিভাগে রিট পিটিশন নং ৯১৫৩/২০২৩ দায়ের করেন। মাননীয় হাইকোর্ট বিভাগ উপর্যুক্ত প্রজ্ঞাপন ০৬(ছয়) মাস পর্যন্ত স্থগিত করেন। এ মোকদ্দমায় স্থানীয় সরকার বিভাগের সচিব মহোদয়কে ১নং এবং সিনিয়র সহকারী সচিব, ইউপি-১ শাখাকে ৭নং প্রতিপক্ষ করা হয়েছে।

২। এমতাবস্থায়, রিট পিটিশন নং ৯১৫৩/২০২৩ মোকদ্দমায় প্রদত্ত বুলনিশির জবাব প্রদান এবং মাননীয় আদালত কর্তৃক প্রদত্ত স্থগিতাদেশ Vacate করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নিম্ন বর্ণিত শর্তে দায়িত্ব প্রদান করা হলো:

- (১) বিজ্ঞ সলিসিটর উইং-এর সাথে যোগাযোগ করে প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা;
- (২) বিজ্ঞ অ্যাটর্নি জেনারেলের কার্যালয়-এর সাথে যোগাযোগ করে প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা;
- (৩) এ বিভাগের সচিব মহোদয়ের পক্ষে দফাওয়ারী জবাব প্রস্তুত করে মাননীয় আদালতে পেশ করা;
- (৪) মামলার অগ্রগতিসহ পরবর্তী সময়ের অর্থাৎ মামলা চলাকালীন সার্বিক বিষয়ে নিয়মিতভাবে এ বিভাগকে অবহিত করা।

সংযুক্তি: বর্ণনামতে.....পাতা।

(<https://lgd.nothi.gov.bd/noteDetail/7157/potrojariAttachmentRef/49548/0/2240>)

১২-৯-২০২৩

পূর্ববী গোলদার

সিনিয়র সহকারী সচিব (অতিরিক্ত দায়িত্ব)

ফোন: +880255100995

ইমেইল: lglaw1@lgd.gov.bd

জনাব আবু হানিফ, প্যানেল আইনজীবী, স্থানীয় সরকার বিভাগ

ঠিকানা: কক্ষ নং ৭০২, ফজলুল হক ভবন, সুপ্রীম কোর্ট ভবন, ঢাকা

স্মারক নম্বর: ৪৬.০০.০০০০.০২০.০৪.১৬৪.২৩.১০৮২/১(৬)

তারিখ: ২৮ ভাদ্র ১৪৩০

১২ সেপ্টেম্বর ২০২৩

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) সিনিয়র সহকারী সচিব, ইউনিয়ন পরিষদ -১ শাখা, স্থানীয় সরকার বিভাগ
- ২) সচিবের একান্ত সচিব, সচিবের দপ্তর, স্থানীয় সরকার বিভাগ
- ৩) প্রোগ্রামার, আইসিটি সেল, স্থানীয় সরকার বিভাগ
- ৪) ব্যক্তিগত কর্মকর্তা, অতিরিক্ত সচিবের অনুবিভাগ, স্থানীয় সরকার বিভাগ

- ৫) ব্যক্তিগত কর্মকর্তা, আইন অধিশাখা, স্থানীয় সরকার বিভাগ
৬) ব্যক্তিগত কর্মকর্তা, ইউনিয়ন পরিষদ অধিশাখা, স্থানীয় সরকার বিভাগ



১২-৯-২০২৩

পুরবী গোলদার

সিনিয়র সহকারী সচিব (অতিরিক্ত দায়িত্ব)